

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট  
ও  
রিটার্নিং অফিসারের কার্যালয়  
জেলা কমান্ড নির্বাচন  
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২০২৩  
(সাধারণ শাখা)  
www.bagerhat.gov.bd

নম্বর- ০৫.৪৪.০১০০.০০৮.৫৬.১২৫(অংশ).২৩-১৫৩

০২ চৈত্র, ১৪২৯  
তারিখ :-----  
১৬ মার্চ, ২০২৩

গণ-বিজ্ঞপ্তি

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের গঠনতন্ত্র-২০১০ এর ধারা ১৫ এবং ১৮ অনুযায়ী আমি মো: হাফিজ- আল-আসাদ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও রিটার্নিং অফিসার, জেলা কমান্ড, বাগেরহাট এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাইতেছি যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৪/০৩/২০২৩ তারিখ গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিয়াছে;

(ক) ভোটার তালিকা প্রকাশ:

ক্রমিক	বিবরণ	সময়কাল
১.	খসড়া ভোটার তালিকা প্রকাশ	১৯/০৩/২০২৩ (রবিবার)
২.	খসড়া ভোটার তালিকার উপর দাবি, আপত্তি ও সংশোধনী গ্রহণের শেষ তারিখ	২২/০৩/২০২৩ (বুধবার)
৩.	দাবি, আপত্তি ও সংশোধনী নিষ্পত্তি গ্রহণের শেষ তারিখ	২৮/০৩/২০২৩ (মঙ্গলবার)
৪.	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	০২/০৪/২০২৩ (রবিবার)

(খ) নির্বাচনী তফসিল:

ক্রমিক	বিবরণ	সময়কাল
৫.	মনোনয়নপত্র দাখিলের তারিখ	০৫/০৪/২০২৩ (বুধবার)
৬.	মনোনয়নপত্র বাছাই	০৯/০৪/২০২৩ (রবিবার)
৭.	প্রার্থিতা বাতিলের আদেশের বিরুদ্ধে আপিলের তারিখ	১১/০৪/২০২৩ (মঙ্গলবার)
৮.	আপিল নিষ্পত্তির তারিখ	১৩/০৪/২০২৩ (বৃহস্পতিবার)
৯.	মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ তারিখ	১৬/০৪/২০২৩ (রবিবার)
১০.	চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ	১৭/০৪/২০২৩ (সোমবার)
১১.	প্রতীক/ব্যালট নম্বর প্রদানের তারিখ	১৮/০৪/২০২৩ (মঙ্গলবার)
১২.	ভোট গ্রহণের তারিখ	১৩/০৫/২০২৩ (শনিবার)

ভোট গ্রহণ সময়সীমা: বিরতিহীনভাবে সকাল ০৯:০০ হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত ব্যালট পেপারের মাধ্যমে

২। নির্বাচনি এলাকায় সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাইতেছি যে, আগামী ১৩/০৫/২০২৩ তারিখ সকাল ০৯:০০ হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হইতে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বাগেরহাট (মোবাইল নম্বর- ০১৩২২-৮৮৪১৮১) ও রিটার্নিং অফিসার, জেলা কমান্ড নির্বাচন ২০২২-২০২৩, বাগেরহাট এবং রিটার্নিং অফিসার ও উপজেলা নির্বাহী অফিসারের (সংশ্লিষ্ট উপজেলা) কার্যালয়ে মনোনয়নপত্র গৃহীত হইবে।

৩। উল্লিখিত নির্বাচন ব্যালটে পেপারের মাধ্যমে অনুষ্ঠিত হইবে।

তারিখঃ ১ ৬ দিন ০ ৩ মাস ২ ০ ২ ৩ বছর

(মো: হাফিজ- আল-আসাদ)  
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

ও  
রিটার্নিং অফিসার

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২০২৩  
জেলা কমান্ড, বাগেরহাট।